



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।



কলেজ কোড: ঢাকা শিক্ষা বোর্ড : ৪৫২৫, E.I.N : ১১৪৭৪৩, জাতীয় বিশ্ববিদ্যালয় : ৫৩০৭

e-mail : kgc10.tangail@gmail.com web: www.kgc.ac.bd. Phone: 02997752601

তারিখ : ২৫/১০/২০২৩ খ্রি:..

বিজ্ঞপ্তি

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল এর ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কার্যক্রমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক উপবৃত্তির জন্য আবেদন ফরম নিম্নবর্ণিত তথ্যসহ নির্ধারিত তারিখ ও সময়ে নির্দিষ্ট স্থানে জমা দেয়ার জন্য বলা হলো। আবেদনের জন্য নির্ধারিত ০২টি ফরম কলেজের ওয়েবসাইট- <https://kgc.ac.bd/forms/> এ পাওয়া যাবে। নির্দিষ্ট সময়ের পর কোন ফরম জমা নেয়া হবে না। ফরমে কোন অসঙ্গতি, অসম্পূর্ণ ও অসত্য প্রমাণিত হলে ফরম বাতিল বলে গণ্য হবে। (ফরমে অবশ্যই সচল মোবাইল নম্বর দিতে হবে।)

ফরম জমা দেওয়ার স্থান :

বিভাগ	রোল রেঞ্জ	কক্ষ নং	ফরম জমা দেয়ার তারিখ ও সময়
বিজ্ঞান	১২০২৩২৪০১০০০১ --- ১২০২৩২৪০১০২৩০	৩০	০১/১১/২০২৩, দুপুর ০২.২০ থেকে ০৩.০০টা
	১২০২৩২৪০১০২৩১ --- ১২০২৩২৪০১০৪৬০		০২/১১/২০২৩, দুপুর ০২.২০ থেকে ০৩.০০টা
	১২০২৩২৪০১০৪৬১ --- ১২০২৩২৪০১০৬৬৫		০৫/১১/২০২৩, দুপুর ০২.২০ থেকে ০৩.০০টা
মানবিক বিভাগ	১২০২৩২৪০২০০০১ --- ১২০২৩২৪০২০২৫০	৪০৪	০১/১১/২০২৩, দুপুর ০২.২০ থেকে ০৩.০০টা
	১২০২৩২৪০২০২৫১ --- ১২০২৩২৪০২০৫০০		০২/১১/২০২৩, দুপুর ০২.২০ থেকে ০৩.০০টা
	১২০২৩২৪০২০৫০১ --- ১২০২৩২৪০২০৭৫০		০৫/১১/২০২৩, দুপুর ০২.২০ থেকে ০৩.০০টা
বাসসায় শিক্ষা বিভাগ	১২০২৩২৪০৩০০০১ --- ১২০২৩২৪০৩০১০০	১০	০১/১১/২০২৩, দুপুর ০২.২০ থেকে ০৩.০০টা
	১২০২৩২৪০৩০১০১ --- ১২০২৩২৪০৩০২০০		০২/১১/২০২৩, দুপুর ০২.২০ থেকে ০৩.০০টা
	১২০২৩২৪০৩০১০১ --- ১২০২৩২৪০৩০৩০০		০৫/১১/২০২৩, দুপুর ০২.২০ থেকে ০৩.০০টা

আবেদন ফরম জমা দেয়ার তারিখ : ০১/১১/২০২৩ খ্রি. থেকে ০৫/১১/২০২৩ খ্রি. পর্যন্ত।

ফরমের সাথে সংযুক্তি ও ফরমপূরণের সময় করণীয় (নিম্নবর্ণিত তালিকা অনুসারে ফরম সাজাতে হবে) :

- উপবৃত্তির নির্ধারিত ফরম ২ (দুই) টি।
- ১৭ ডিজিটের ডিজিটাল জন্মানিবন্ধন (অনলাইনকৃত নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য নয়)।
- পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র (১০ অথবা ১৭ সংখ্যার জাতীয় পরিচয়পত্র নম্বর। জাতীয় পরিচয়পত্রের ১৩ সংখ্যার নম্বরের ক্ষেত্রে প্রথমে জন্মসাল বসিয়ে ১৭ সংখ্যায় রূপান্তর করতে হবে)।
- শিক্ষার্থীর উপবৃত্তির অর্থপ্রাপ্তির ক্ষেত্রে যে কোন বৈধ/সচল অনলাইন ব্যাংক/মোবাইল ব্যাংকিং একাউন্ট ব্যবহার করতে হবে।
- অনলাইন/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১৩-১৭ ডিজিট এবং মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১১-১২ ডিজিট হতে হবে।
- শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। কেবল পিতা-মাতার অনুপস্থিতিতে (পিতা-মাতা মৃত হলে) অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদি/ নানা/নানি/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচন করা যাবে (সে ক্ষেত্রে পিতা-মাতার মৃত্যু সনদ প্রদান করতে হবে)।
- যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে একাউন্টধারী হিসাবে তার নাম ও তথ্যকেই ব্যবহার করতে হবে। পিতা/মাতা জীবিত অবস্থায় অন্য কাউকে অভিভাবক হিসাবে ব্যবহার করা যাবে না। যাকে অভিভাবক করা হবে তার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।
- শিক্ষার্থী অন্য কোন সরকারি উৎস থেকে উপবৃত্তি অথবা অভিভাবক কর্তৃক শিক্ষাভাতা গ্রহণ করলে অথবা শিক্ষা বোর্ড কর্তৃক মেধা/সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য বলে বিবেচিত হবে।
- এসএসসি মার্কাশীট ও রেজি. কার্ড এর ফটোকপি, অভিভাবকের বার্ষিক আয়ের সনদের কপি, কোটা থাকলে প্রমাণপত্র তার প্রমাণক জমা দিতে হবে।
- মুক্তিযোদ্ধা কোটা থাকলে সম্পর্কের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধার সনদপত্রের কপি জমা দিতে হবে।

প্রফেসর মো: বদরুল আলম

অধ্যক্ষ

কুমুদিনী সরকারি কলেজ

টাঙ্গাইল

আহ্বায়ক

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০২৩-২০২৪

শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির উপবৃত্তি কার্যক্রম পরিচালনা কমিটি

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।